# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৩১৬

১/ পবিত্রতা অর্জন ( كتاب الطهارة )

পরিচ্ছেদঃ ১২২. হায়িয থেকে পবিত্র হওয়ার গোসলের নিয়ম

## باب الاِغْتِسَالِ مِنَ الْحَيْضِ

আরবী

حَدَّثَنَا عُبَيْدُ اللهِ بْنُ مُعَاذٍ الْعَنْبَرِيُّ، أَخْبَرَنِي أَبِي، عَنْ شُعْبَةَ، عَنْ إِبْرَاهِيمَ، ـ يَعْنِي ابْنَ مُهَاجِرٍ ـ عَنْ صَفِيَّةَ بِنْتِ شَيْبَةَ، عَنْ عَائِشَةَ، أَنَّ أَسْمَاءَ، سَأَلَتِ النَّبِيَّ صلي الله عليه وسلم بِمَعْنَاهُ قَالَ " فِرْصَةً مُمَسَّكَةً". قَالَتْ كَيْفَ أَتَطَهَّرُ بِهَا قَالَ : "سُبْحَانَ اللهِ تَطَهَّرِي بِهَا وَاسْتَتِرِي بِثَوْبٍ". وَزَادَ وَسَأَلَتْهُ عَنِ الْغُسْلِ مِنَ الْجَنَابَةِ فَقَالَ : " تَأْخُذِينَ مَاءَكِ فَتَطَهَّرِينَ أَحْسَنَ الطُّهُورِ وَأَبْلَغَهُ ثُمَّ تَصُبِّينَ عَلَى رَأْسِكِ الْمَاءَ ثُمَّ تَدْلُكِينَهُ حَتَّى يَبْلُغَ شُئُونَ رَأْسِكِ ثُمَّ تُفِيضِينَ عَلَيْكِ الْمَاءَ". قَالَ : وَقَالَتْ عَائِشَةُ نِعْمَ النِّسَاءُ نِسَاءُ الأَنْصَارِ لَمْ يَكُنْ يَمْنَعُهُنَّ الْحَيَاءُ أَنْ يَسْأَلْنَ عَنِ الدِّينِ وَيَتَفَقَّهْنَ فِيهِ

ـ حسن : ق ، لكن قول عَائِشة : نعم ...إلخ : معلق عند خ

বাংলা

৩১৬। ’আয়িশাহ্ (রাঃ) সূত্রে বর্ণিত। আসমা (রাঃ) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে জিজ্ঞেস করেন .... তারপর পূর্বোক্ত হাদীসের অনুরূপ। বর্ণনাকারী শু’বাহ বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সুগন্ধি মিশ্রিত নেকড়ার কথা বললে আসমা বলেন, তা দিয়ে আমি কিভাবে পবিত্রতা অর্জন করব? তিনি বলেনঃ সুবহানাল্লাহ! তা দিয়ে পবিত্রতা অর্জন করবে। এই বলে তিনি (লজ্জায়) কাপড় দিয়ে মুখ ঢাকলেন। বর্ণনাকারী শু’বাহ আরো বলেন, আসমা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে জানাবাতের গোসল সম্পর্কে জিজ্ঞেস করেন। তখন তিনি বলেন, তুমি পানি নিয়ে উত্তমরূপে পরিপূর্ণ পবিত্রতা অর্জন করবে। তারপর মাথায় পানি ঢেলে তা রগড়াবে, যেন পানি চুলের গোড়ায় পৌঁছায়। তারপর সমগ্র শরীরে পানি ঢালবে। ’আয়িশাহ্ (রাঃ) বলেন, আনসারী মহিলারা খুবই উত্তম। দ্বীন সম্পর্কে মাসআলাহ জিজ্ঞেস করতে এবং এ সম্পর্কে ব্যুৎপত্তি অর্জনের ক্ষেত্রে তারা লজ্জাবোধ করেন না।[1]

হাসান : বুখারী ও মুসলিম। কিন্তু ’আয়িশাহর উক্তিঃ ’আনসারী মহিলারা খুবই উত্তম...’ এটি বুখারীতে মু’আল্লাক্বভাবে বর্ণিত আছে।

## English

'Aishah said:
Asma' asked the Prophet (ﷺ) and then narrated the rest of the tradition to the same effect. He (the Prophet) said: "a musk-scented piece of cloth." She (Asma') said: How should I purify with it ? He said: By glory of Allah ! Purify with it, and he covered his face with the cloth. This version also adds: "She asked about the washing because of sexual defilement." He said: Take your water and purify yourself as best as possible. Then pour water over yourself. 'Aishah said: The best of the women are the women of the Ansar. Shyness would not prevent them from inquiring about religion and from acquiring deep understanding in it.

ফুটনোট

[1] এটি গত হয়েছে (৩১৪ নং)- এ।

-

এ অনুচ্ছেদের হাদীস থেকে শিক্ষাঃ

১। নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর বিনয় প্রদর্শন।

২। হায়িযের রক্তমিশ্রিত কাপড় ধোয়ার সময় ইচ্ছে হলে পানিতে লবণ মেশানো যেতে পারে।

৩। জিজ্ঞাসিত ব্যক্তির উচিত, প্রশ্নকারীকে কৃত প্রশ্নের জবাব সুস্পষ্ট ও পরিপূর্ণভাবে দেয়া। যাতে বিষয়টি তার কাছে পরিষ্কার হয়ে যায়।

৪। শারঈ বিধানের গোপনীয় বিষয়েও প্রশ্ন করা জায়িয, যদিও তা উল্লেখ করতে লজ্জাবোধ হয়।

৫। পরিশোধন ও পরিচ্ছন্নতার উদ্দেশ্যে গোসলের পানিতে বড়ই পাতা মিশানো মুস্তাহাব।

৬। গোসলের শুরুতে উযু করা মুস্তাহাব।

৭। গোসলের সময় প্রথমে চুল ঘর্ষণ করবে, যেন চুলের গোড়ায় পানি পৌঁছে।

৮। মহিলাদের জন্য মুস্তাহাব হলো, গোসলের পর তুলা বা নেকড়া দিয়ে তাতে সুগন্ধি মিশিয়ে লজ্জাস্থানের রক্ত লেগে থাকা স্থানটুকু পরিষ্কার করা।

৯। কোনো ব্যাপারে আশ্চর্য হলে বা বিস্ময়কর কিছু ঘটলে তাতে ‘সুবহানাল্লাহ’ বলা জায়িয।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=57634

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন